গাংনীতে মুক্তিযোদ্ধা যাচাই বাছাই, প্রার্থীদের উপস্থিতি কম

মেহেরপুরের গাংনী উপজেলায় মুক্তিযোদ্ধা যাচাই বাছাই শুরু হয়েছে চলতি মাসের ১৮ তারিখ বুধবার থেকে। শুরু থেকেই মুক্তিযোদ্ধাদের উপস্থিতি কম বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

যাচাই বাছাই কার্যক্রমে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান ছাড়াও রয়েছেন মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মো: মকবুল হোসেন।

শুরুতে ধানখোলা ইউনিয়নের মুক্তিযোদ্ধাদের যাচাই বাছাই অনুষ্ঠিত হয় পরের দিন বামন্দী ইউনিয়নের মুক্তিযোদ্ধা যাচাই বাছাই হওয়ার পর রবিবার গাংনী পৌরসভা এলাকার মুক্তিযোদ্ধা যাচাই বাছাই অনুষ্ঠিত হয়।

এদিকে দ্বিতীয় দিনেও বামন্দী ইউনিয়নের উপস্থিতি ছিল ৩২ জনের মধ্যে মাত্র ১৬ জন। পৌরসভার মধ্যে মুক্তিযোদ্ধা যাচাই বাছাইয়ের দিনও ৩৬ জনের মধ্যে উপস্থিত ছিলেন ১৭ জন।

তবে মুক্তিযোদ্ধা অন্তর্ভূক্তি হওয়ার জন্য যারা আবেদন করেছিলেন তারা নিজেদের মুক্তিযোদ্ধা দাবি করেও মৌখিক স্বাক্ষাতকারে কেন অনুপস্থিত রয়েছেন এমন প্রশ্নের জবাবে পৌর এলাকার আওয়ামী লীগ নেতা আইয়ুব আলি নিজেকে মুক্তিযোদ্ধা দাবি করে বলেন অনেক মুক্তিযোদ্ধারা আসেননি কারণ তাদের স্বাক্ষী কেউ হতে চাচ্ছেন না। যে কারণে তারা দেখছেন স্বাক্ষী যদি না পাওয়া যায় তাহলে আমাদের স্বাক্ষাতকারে গিয়ে কোন লাভ হবে না একারণে অনেকেই অনুপস্থিত রয়েছেন।

তবে যাচাই বাছাইয়ে দেখা গেছে অনেকেই তারা মুক্তিযুদ্ধের সনদ আনতে ব্যার্থ হয়েছেন। অনেকে দাবি করেছেন মুক্তিযুদ্ধে অংশ না নিতে পারলেও ইয়ুথ ক্যাম্পে ট্রেইনিং চলাকালীন সময়ে দেশ স্বাধীন হয়ে গেছে। যে কারণে তারা মুক্তিযুদ্ধে অংশ গ্রহন করতে পারেননি। এদের মধ্যেই অনেকেই মুক্তিযোদ্ধা দাবি করলেও ইয়ুথ ক্যাম্পের কোন কাগজ পত্র দেখাতে পারেননি।

এ বিষয়ে জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাংগঠনিক সম্পাদক মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম বলেন, সঠিক প্রমাণাদি বা কাগজ পত্র যোগাড় করতে না পারায় অনেকে নাম দিয়েও স্বাক্ষাতকারে আসেননি তাই উপস্থিতি সংখ্যা কম।

তবে মুক্তিযোদ্ধা ও সচেতন মহল মুক্তিযোদ্ধা যাচাই বাছাইয়ে সরকার যে পদ্ধাতি গ্রহন করেছেন তাকে তারা স্বাগত জানিয়েছেন। কারণ এতে কেউ ভুয়া ভাবে মুক্তিযোদ্ধা হতে পারবে না।

- গাংনী প্রতিনিধি

আমঝুপিতে মুক্তিযোদ্ধা আজের আলীকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুর সদর উজেলার আমঝুপির ঈদগাহ পাড়ার মুক্তিযোদ্ধা আজের আলীর মরদেহ রাষ্ট্রযি মর্যাদায় দাফন করা হয়েছে।

বুধবার সকাল ১০ টার দিকে মরদেহের জানাযা অনুষ্ঠিত হয়। জানাযার আগে মরহুমদের মরদেহকে গার্ড অব অনার প্রদান করা হয়। পুলিশের একটি চৌকষ দল গার্ড অব অনার প্রদান করেন। এসময় বিউগলের করুণ সুর বেজে উঠে।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: মাসুদুল আলম রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহন করেন। এসময় সহযোদ্ধা মুক্তিযোদ্ধারা মরদেহে শেষ শ্রদ্ধা নিবেদন করেন। আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু উপস্থিত ছিলেন।

এর আগে মঙ্গলবার রাতে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। তিনি স্ত্রী, ২ মেয়ে সহ অসংখ্যা গুনাগ্রাহী রেখে গেছেন। -আমঝুপি প্রতিনিধি

মেহেরপুরে ‘মুক্তিযোদ্ধাদের করণীয়’ শীর্ষক আলোচনা সভা

মেহেরপুরে দুর্নীতির বিরুদ্ধে চলমান অভিযান ‘মুক্তিযোদ্ধাদের করণীয়’ শীর্ষক আলোচনা সভা অনুষ্মুঠিত হয়েছে। শনিবার সকালে মেহেরপুর কমিউনিটি সেন্টার মিলনায়তনে এ সভা অনুষ্টিহয়।

মুক্তিযোদ্ধা হায়দার আলী খানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধা আতাউল হাকিম লাল মিয়া।প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধা ক্যাপ. আব্দুল মালেক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধা আব্দুল হাকিম, ভাষা সৈনিক ইসমাইল হোসেন, মাহাবুবল হক শান্তি।

বক্তব্য দেন আব্দুর রব, আফজাল হোসেন, নারী মুক্তিযোদ্ধা সালেহা খাতুন, আব্দুর রহমান, গোলাম কিবরিয়া বুলবুল, ফজলুল করিম, গোলাম রহমান, সিরাজুল ইসলাম। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধা আহসান আলী খান, ডেপুটি কমান্ডার আলী হোসেন প্রমুখ।
-নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে বীর মুক্তিযোদ্বা দাউদ আলীর লাশ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুরের মুজিবনগরে বীর মুক্তিযোদ্বা দাউদ আলীর লাশ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন হয়েছে। তার মৃত্যুতে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও রুহের মাগফেরাত কামনা করে শোক প্রকাশ করেছেন মুজিবনগর উপজেলার সকল মুক্তিযোদ্বারা।

মঙ্গলবার বিকাল ৪ টায় উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গাজিমতলা রাষ্ট্রীয় মর্যাদায় গ্রাম্য কবরস্থানে তার লাশ দাফন করা হয়। এ সময় পুলিশের একটি চৌকষ দল তাঁকে গার্ড অব অনার প্রদান করেন। এসময় বিহগলে করুণ সুর বেজে উঠে। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন।

এসময় মুজিবনগর থানার ওসি আবদুল হাসেম, বাগোয়ান ইউনিয়ন চেয়ারম্যান আয়ুব হোসেন, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আব্দুল জলিল, সাবেক ইউনিয়ন কমান্ডার আহসান আলী, ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক, আফজাল হোসেন সহ আরও অনেকে অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, মুক্তিযোদ্ধা দাউদ আলী (৭৫) মঙ্গলবার সকাল ৭টা ১০ মিনিটে নিজ বাড়িতে ষ্ট্রোকজনিত রোগে আক্রান্ত হয়ে দীর্ঘদীন যাবৎ অসুস্থ্য থাকার পরে মৃত্যুবরণ করেন । মৃত্যুকালে স্ত্রী, ৩ ছেলে, ১ মেয়েসহ অসংখ্য গুনাগ্রাহী রেখে গেছেন।

-মুজিবনগর অফিস